

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১০৮.১১.০০৩.১৭.১২১৬

তারিখ : ১৭ আশ্বিন ১৪২৪
০২ অক্টোবর ২০১৭

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৪/০৫/২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১৫৯.১৭-১৬০ সংখ্যক স্মারকের সুপারিশ, মেডিকেল বোর্ডের প্রত্যয়ন, পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের “প্রশাসনিক কর্মকর্তা” (২য় শ্রেণি) পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে জনাব মোঃ মশিউর রহমান, পিতা- জনাব মোঃ মুনছুর রহমান, মাতা-মোছাঃ আছমা খাতুন, গ্রাম- মুন্সিপাড়া, ডাকঘর- বাঁশবাড়ীয়া, উপজেলা- বাগাতীপাড়া, জেলা-নাটোর-কে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো।

শর্তাবলী :-

- (ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
- (খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন। শিক্ষানবিস থাকাকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা নিয়োগপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাঁকে চাকুরী থেকে অপসারণ করতে পারবে,
- (গ) চাকুরীতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- (ঘ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিয়ে করে থাকেন অথবা বিয়ে করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (ঙ) কোন সরকারী বা বেসরকারী দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি পত্র দাখিল করতে হবে;
- (চ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ মোতাবেক/অনুসারে তাঁর চাকুরী নিয়ন্ত্রিত হবে;
- (ছ) এ চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

০২। উপর্যুক্ত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৬/১০/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র এবং শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রসহ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রশাসন-২ অধিশাখায় (কক্ষ নং-৫২৩, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) যোগদান করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৩৩৪/—

(মোঃ গোলাম মোস্তফা)

উপসচিব

ফোন : ৯৫৭৬৬৯৬

ই-মেইলঃ dsmofla@gmail.com

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশন অফিস

তেজগাঁও, ঢাকা (উক্ত প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অপর পৃষ্ঠা-০২ দৃষ্টব্য

